কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-এআরসি/২-৬/সংস্থাপন/জাঃশোঃদিঃ/২০১৬/ ৯৭২২ তারিখ:২৯/০৭/২০১৯ খ্রিঃ

সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষন: অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ), কৃষি মন্ত্রণালয়।

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে ''জাতীয় শোক দিবস ২০১৯'' পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত বাস্তবায়ন ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৯.৬৭৯; তারিখ: ০৯ জুলাই, ২০১৯ খ্রিঃ।

উর্পযুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে ''জাতীয় শোক দিবস ২০১৯'' পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের নিমিত্ত বিএআরসি কর্তৃক বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক ''জাতীয় শোক দিবস ২০১৯'' পালনের গৃহীত কর্মসূচির বিবরণ এতদসঙ্গে সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

২৯.৭.১৯

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পৃষ্ঠা।

ড. মো. কবির ইকরামুল হক
নির্বাহী চেয়ারম্যান (চলতি দায়িত্ব)
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফোন:৯১৩৫৫৮৭
ই-মেইল: ec-barc@barc.gov.bd

অনুলিপি: জনাব মীনাক্ষী বর্মন, উপ-সচিব, প্রশাসন-১, কৃষি মন্ত্রণালয়।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা ।

এআরসি/২-৬/সংস্থাপন/ জা.শো.দি./২০১৬/ ২৭২৬ তারিখঃ২৭/০৭/২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে গত ০২/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয়ের সভার কার্যবিবরণীর আলোকে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে বিএআরসির পক্ষ হতে ১৫ আগস্ট ২০১৯ তারিখ জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে নিম্নেবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

কর্মসূচিঃ

সূর্যোদয়ের সাথে সাথে	বিএআরসি'র সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারীদের কাউন্সিল চত্বরে জমায়েত ও কালো ব্যাজ ধারণ। জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, কালো পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশন। পতাকা উত্তোলন করবেন; ড. মোঃ কবির ইকরামুল হক নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি।
সকাল ৮:০০ ঘটিকায়	বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল চত্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ নিবেদন।
সকাল ৯:৩০ ঘটিকায়	ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ নিবেদনের জন্য যাওয়ার উদ্দেশ্যে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ চত্বরে জমায়েত ও র‍্যালিতে অংশগ্রহণ।
সকাল ১১:০০ ঘটিকা হতে ১২:৩০ ঘটিকা	শোকদিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন। সভাপতিত্ব করবেন; ড. মোঃ কবির ইকরামুল হক নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি।
বাদ যোহর	বিএআরসি মসজিদে মিলাদ মাহফিল ও দোয়া।

উক্ত কর্মসূচীতে অংশগ্রহনের জন্য কাউন্সিলের বিজ্ঞানী, কর্মকর্তা/কর্মচারীগণকে উপস্থিত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/০৭/১৯
(মোঃ আব্দুল মোত্তাকিন)
উপ-পরিচালক (সংস্থাপন)
বিএআরসি, ঢাকা।

কার্যার্থে বিতরণ:

১। সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ/এইআরএস/পরিঃ ও মূল্যায়ন/শস্য/এনআরএম/মৎস্য/ প্রাণিসম্পদ), বিএআরসি, ঢাকা।
২। পরিচালক (সাপোর্ট সার্ভিস/পুষ্টি/ জনশক্তি ও প্রশিক্ষণ/টিটিএমইউ/কম্পিউটার/অর্থ/এআইসি) বিএআরসি, ঢাকা।
৩। সিনিয়র সহকারী পরিচালক (সংস্থাপন/প্রকিউরমেন্ট), বিএআরসি, ঢাকা ।
৪। সহকারী পরিচালক (সংস্থাপন-১/সংস্থাপন-২/কমন সার্ভিস/ভান্ডার/হিসাব) বিএআরসি, ঢাকা।
৫। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ঢাকা ।
৬। সিকিউরিটি অফিসার, বিএআরসি, ঢাকা ।
৭। যানবাহন পরিদর্শক, বিএআরসি, ঢাকা। (কর্মকর্তা/কর্মচারীদের আনা নেয়ার ব্যাপারে স্ব-স্ব রুটে নির্ধারিত গাড়ী চলাচল ব্যবস্থা নিশ্চিত করবেন)।

আপনার অধীনস্থ সকল বিজ্ঞানী, কর্মকর্তা/কর্মচারী দের অবহিত করার জন্য অনুরোধ করা হলো ।

বিঃদ্রঃ কাউন্সিলের বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারী উক্ত দিনে স্টেশন ত্যাগ করতে পারবেন না এবং শতভাগ বিজ্ঞানী/কর্মকর্তা ও কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। ইহা সরকারী নির্দেশনা। শোক দিবসের অনুষ্ঠানে আনা নেয়ার জন্য বিভিন্ন রুটের গাড়ী যথারীতি যাওয়া আসা করবে।